

লোক প্রশাসন বিভাগের দশ বছর পূর্তি উদ্যাপন

মো. বায়েজিদ

প্রকাশিত: ২২:১৫, ১১ অক্টোবর ২০২৫



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

উদ্দীপনা, স্মৃতি আর ভবিষ্যতের প্রত্যাশায় ভরে উঠেছিল পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগ প্রাঙ্গণ। বিভাগটি প্রতিষ্ঠার দশ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত হয় দিনব্যাপী নানা অনুষ্ঠানমালা, শোভাযাত্রা, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও কেক কাটা। দিনের শুরুতেই বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও প্রাক্তন শিক্ষার্থীদের অংশগ্রহণে এক বর্ণাঢ্য শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

পরে আলোচনা সভায় বক্তারা লোক প্রশাসন বিভাগের প্রতিষ্ঠা থেকে বর্তমান পর্যন্ত অর্জন, সাফল্য এবং ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। তারা বলেন, গত এক দশকে বিভাগটি কেবল শিক্ষায় নয়, গবেষণা ও সমাজসেবাতেও গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

বক্তারা আরও উল্লেখ করেন, লোক প্রশাসন এমন এক ক্ষেত্র যেখানে নেতৃত্ব, নীতি প্রণয়ন ও জনসেবার মূল্যবোধ গড়ে ওঠে। শিক্ষার্থীদের এসব মূল্যবোধ ধারণ করে দেশ ও সমাজের উন্নয়নে কাজ করার আহ্বান জানান তারা। অনুষ্ঠানে প্রাক্তন শিক্ষার্থীরা নিজেদের অভিজ্ঞতা ভাগ করে নেন এবং বর্তমান শিক্ষার্থীদের জন্য দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠান শেষে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা, যা পুরো অনুষ্ঠানে উৎসবের রঙ ছড়িয়ে দেয়। লোক প্রশাসন বিভাগের এই দশ বছর ছিল সাফল্য ও গৌরবের পথচলা- যার মধ্য দিয়ে গড়ে উঠেছে এক শক্তিশালী শিক্ষাগত ও মানবিক ভিত্তি।

ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে, এমন প্রত্যাশাই ব্যক্ত করেছেন শিক্ষক, শিক্ষার্থী ও প্রাক্তনরা। লোকপ্রশাসন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মিরাজ হোসেন বলেন, ‘বিভাগের সাবেক-বর্তমান শিক্ষার্থী, আমার সম্মানিত সহকর্মীবৃন্দ, কর্মচারী এবং বিশ্ববিদ্যালয়ের প্রশাসনসহ সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা। আমাদের ডিপার্টমেন্টের যাত্রা শুরু হয়েছিল ১৫ সেপ্টেম্বর ২০১৫। সেখান থেকে বিভাগ হ্যাঁটি-হ্যাঁটি পা-পা করে আজ বিভাগটি ১০ বছর পার করে ১১ বছরে পদার্পণ করেছে। দীর্ঘ এক দশকের যাত্রা, যা আমাদের জন্য একটি মাইলস্টোন।

বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ সেশনের অর্থাৎ আমাদের বিভাগের ১ম ব্যাচের শিক্ষার্থীদের নিয়ে আমাদের যাত্রা শুরু হয় এবং বর্তমানে ৬টি বাচ আমাদের বিভাগে অধ্যয়নরত রয়েছে। ইতিমধ্যে ৪টি ব্যাচ তাদের স্নাতকোত্তর শেষ করে চাকরির বাজারে তাদের অবস্থান তৈরি করেছে তাদের এই পথচলার আমি তাদেরকে শুভকামনা জানাই।’